দৈনিক ইনকিলাব

তারিখ 2 6 APR 1994
পৃষ্ঠা ৭ কলাম ৬

25

## ৮টি বিশ্ববিদ্যালয়ের অফিসারদের ধর্মঘট

।। বিশ্ববিদ্যালয় রিপোর্টার ।।

দেশের আটটি বিশ্ববিদ্যালয়ের অফিসাররা আগামী বৃহস্পতিবার থেকে ১২ মে পর্যন্ত ১৫ দিন পূর্ণ কর্মবিরতি পালন করবেন। অফিসারদের ডাউন গ্রেডেড বেতন স্কেল সংশোধনসহ দুই দফা দাবীতে আন্তঃ বিশ্ববিদ্যালয় অফিসার্স ফেডারেশনের আহবানে এ কর্মবিরতি পালিত হবে। ফলে, বিশ্ববিদ্যালয়গুলোর প্রশাসনিক ব্যবস্থা কার্যতঃ ভেঙ্গে পড়বে। এদিকে, গত পরশু টেলিভিশনে এবং গতকাল বিভিন্ন দৈনিকে প্রকাশিত বিশ্ববিদ্যালয় অফিসারদের কর্মবিরতি

১১-এর পৃঃ ৫-এর কঃ দেখুন

## বিশ্ববিদ্যালয় অফিসার

প্রথম পৃষ্ঠার পর

প্রত্যাহার সম্পর্কিত সংবাদকে অফিসার নেতৃবৃন্দ বিভ্রান্তিকর বলে অভিহিত করেছেন। সংশ্লিষ্ট একটি সূত্র জানান, গত পরশু শিক্ষামন্ত্রীর সাথে আলোচনাকালে মন্ত্রী অফিসারদের দাবীর যৌক্তিকতা স্বীকার করেন। অফিসারদের দুই দফার প্রথম দফা ডাউন গ্রেডেড বেতন স্কেল সংশোধন দাবী বাস্তবায়নের জন্য মন্ত্রী অফিসার নেতৃবৃন্দের কাছে তিন মাস সময় চান। নেতৃবৃন্দ এতে রাজি হননি। তারা আগে ত্বরিৎ পদক্ষেপ গ্রহণের দাবী জানান। পরে মন্ত্রী অফিসারদের ঘোষিত ২৮ এপ্রিল থেকে ১৫ দিনব্যাপী কর্মবিরতি কর্মসূচী প্রত্যাহারের অনুরোধ জানান। কিন্তু অফিসার নেতৃবৃন্দ মন্ত্রীকে তাদের কর্মসূচী প্রত্যাহারের ব্যাপারে কোন আশ্বাস দেননি।